

জয় ক'রে তবু ভয় কেন তোর যায় না,
 হয় ভীৰু প্রেম, হয় রে ।
 আশার আলোয় তবুও ভরসা পায় না,
 মুখে হাসি তবু চোখে জল না শুকায় রে ॥
 বিরহের দাহ আজি হল যদি সারা,
 ঝরিল মিলনরসের শ্রাবণধারা,
 তবুও এমন গোপন বেদনতাপে
 অকারণ দুখে পরান কেন দুখায় রে ॥
 যদিবা ভেঙেছে ক্ষণিক মোহের ভুল,
 এখনো প্রাণে কি যাবে না মানের মূল ।
 যাহা খুঁজিবার সাজ হল তো খোঁজা,
 যাহা বুঝিবার শেষ হয়ে গেল বোঝা,
 তবু কেন হেন সংশয়ঘনছায়ে
 মনের কথাটি নীরব মনে লুকায় রে ॥

Parjaay: Prem, Taal: Sasthi, Raag: Pilu

Visit www.geetabitan.com for notation and other detail